

PRINT

সমকাল

বাকুবির ১১ গবেষককে অ্যাওয়ার্ড প্রদান

১১ ঘণ্টা আগে

বাকুবি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) গবেষণা অগ্রগতিবিষয়ক কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ১১ জন গবেষককে 'গ্লোবাল রিসার্চ ইম্প্যাক্ট রিকগনাইজেশন অ্যাওয়ার্ড' প্রদান করেছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণা কর্ম ও এইচ-ইনডেক্স মানের ওপর ভিত্তি করে ওই পুরস্কার দেওয়া হয়। শনিবার বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্রে দু'দিনব্যাপী ওই কর্মশালার আয়োজন করা হয়।

এ ছাড়া কর্মশালায় কৃষিজ পণ্য উৎপাদনে বিশেষ অবদান রাখার জন্য খামার পর্যায়ের ছয়জন কৃষককে 'প্রফেসর ড. আশরাফ আলী খান স্মৃতি কৃষি পুরস্কার-২০১৯' প্রদান করা হয়। বাউরেস ১৯৮৪ সাল থেকে এখন পর্যন্ত প্রায় ২৩৪৯টি গবেষণা প্রকল্পের কাজ সমাপ্ত করেছে। বর্তমানে ৫৩৬টি গবেষণা প্রকল্প চলমান রয়েছে। এ বছর বিশ্ববিদ্যালয়ের ৪০০টি গবেষণা প্রকল্পের ফল ওই কর্মশালায় প্রকাশ করা হবে।

গবেষণা কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে বাউরেসের পরিচালক অধ্যাপক ড. এমএএম ইয়াহিয়া খন্দকারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

অনুষ্ঠানে প্রধান পৃষ্ঠপোষক হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. জসিমউদ্দিন খান, বাংলাদেশের ফুড অ্যান্ড এগ্রিকালচারাল অরগানাইজেশনের (এফএও) প্রতিনিধি রবার্ট ডগলাস সিম্পসন এবং কৃষি গবেষণা ফাউন্ডেশনের (কেজিএফ) নির্বাহী পরিচালক ড. ওয়ায়েস কবীর।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮। ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন)। ইমেইল:
ad.samakalonline@outlook.com